বরিশালে ডেঙ্গু আক্রান্ত ২ জনের মৃত্যু

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বরিশালে দুজনের মৃত্যু হয়েছে। তারা হলেন-আসলাম খান (২৪) ও সোহেল (১৮)।

মঙ্গলবার বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিমে) হাসপাতালে চিকিৎসাধীন থেকে তাদের মৃত্যু হয়।

মৃতদেহ মধ্যে আসলাম খান বরিশালের বাকেরগঞ্জের শ্যামপুর এলাকার নাসির খানের ছেলে ও সোহেল পিরোজপুর জেলার কাউখালী উপজেলার গোসনতারা এলাকার আদম আলীর ছেলে।

শেবাচিমের পরিচালক ডা. বাকির হোসেন জানান, আসলাম অসুস্থ অবস্থায় সোমবার রাত সাড়ে ৯টার দিকে শেবাচিম হাসপাতালে ভর্তি হয় এবং গভীর রাত সোয়া ৩টার দিকে তার মৃত্যু হয়।

সোহেলও সোমবার হাসপাতালে গুরুতর অসুস্থ হয়ে ভর্তি হয়। সেখানে চিকিৎসাধীন থেকে রাতে তার মৃত্যু হয়।

এখন পর্যন্ত বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ৬৩ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়। এর মধ্যে বর্তমানে ২৪ জন ভর্তি রয়েছে। বাকিরা সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছে।